দৈনিক বাংলা

তারিখ 21 MAR 1995
পৃষ্ঠা ৭ কলাম ৪

৪

# এ বছর ২৬০০০ প্রাথমিক শিক্ষক নিয়োগ

**সুনীল ব্যানার্জি** ঃ চলতি বছর ২৬ হাজারেরও বেশী প্রাথমিক স্কুল শিক্ষক নিয়োগ করা হচ্ছে। এরই মধ্যে প্রায় ৪ হাজার প্রাথমিক শিক্ষক নিয়োগ করা হয়েছে। বাকিদের পর্যায়ক্রমে নিয়োগ করা হবে।

নির্ভরযোগ্য সূত্রের খবর ঃ প্রাথমিক শিক্ষা অধিদফতর দুইভাবে শিক্ষকদের নিয়োগ করবে। এর মধ্যে ৬ হাজার শিক্ষক নেয়া হবে গত বছরের ওয়েটিং লিষ্ট থেকে। উল্লেখ্য ১৯৮৩ সালে দেশের বিভিন্ন প্রাথমিক স্কুলে শিক্ষক নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করা হয়। এতে তিন লাখেরও বেশী আবেদন পড়ে। আবেদনকারীদের মধ্যে প্রায় দু' লাখ লোককে ইন্টারভিউয়ের জন্য ডাকা হয়। ইন্টারভিউর পর প্রায় ২০ হাজার শিক্ষক নেয়ার জন্য গত বছর একটি তালিকা তৈরি করা হয়। তালিকা থেকে গত বছরই প্রায় ১২ হাজার শিক্ষক নেয়া হয়েছে। বাকিদের পরবর্তীকালে নিয়োগের জন্য ওয়েটিং লিষ্ট করা হয়। এই তালিকা থেকে চলতি বছর ৬ হাজার জনকে নিয়োগ করা হবে। বিভিন্ন প্রাথমিক স্কুলে অবসর গ্রহণ এবং মৃত্যুজনিত কারণে যেসব পদ খালি হচ্ছে সেসব পদে এদেরকে নিয়োগ করা হবে।

সূত্রমতে ঃ বাকি ২০ হাজারের মত প্রাথমিক স্কুল শিক্ষক নিয়োগ করা হবে নতুন স্কুলগুলোতে। চলতি বছর দেশে ৪১৫৮টি নতুন প্রাথমিক স্কুল স্থাপন করা হবে। যেসব এলাকায় কোন প্রাথমিক স্কুল নেই সেসব এলাকায় এসব স্কুল প্রতিষ্ঠা করা হচ্ছে। সরকারের নীতি অনুযায়ী প্রতি দুই কিলোমিটার অন্তর একটি করে প্রাথমিক স্কুল স্থাপনের কথা। এই নীতির আওতায় চলতি বছর এরই মধ্যে প্রায় ৬শ' নতুন প্রাথমিক স্কুল স্থাপন করা হয়েছে। এসব স্কুলে প্রায় ৪ হাজার শিক্ষক নিয়োগ করা হয়েছে। নতুন স্কুলগুলোতে শিক্ষক নিয়োগের ব্যাপারে মহিলাদের অগ্রাধিকার দেয়ার কথা। এই নিয়মের ফলে শতকরা ৬০ ভাগ পদে মহিলা শিক্ষক নিয়োগ করা হবে। সরকারের এই নিয়ম অনুসরণ করার ফলে প্রাথমিক স্কুলে শিক্ষিকার সংখ্যা বাড়ছে।